

আলটিমেটাম দিয়ে রাবির কর্মকর্তা-কর্মচারীদের কর্মবিরতি স্থগিত

রাবি প্রতিনিধি

২৪ সেপ্টেম্বর ২০২৫, ০২:৫৮ পিএম



ছবি: সংগৃহীত

২ দফা দাবিতে ৭ দিনের আলটিমেটাম দিয়ে কর্মবিরতি কর্মসূচি স্থগিত করেছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীরা।

আজ বুধবার দুপুর ১টায় এক প্রেস ব্রিফিংয়ে এ ঘোষণা দেন রাবি অফিসার্স সমিতির সভাপতি মোক্তার হোসেন।

তাদের দাবিগুলো হলো, চলতি বছরের ২ জানুয়ারি ও গত ২০ সেপ্টেম্বরে সংঘটিত ঘটনায় জড়িত শিক্ষার্থীদের শাস্তি নিশ্চিত করা এবং প্রাতিষ্ঠানিক সুবিধা (পোষ্যকোটা) পুনর্বহাল করা।

অফিসার্স সমিতির সভাপতি মোক্তার হোসেন বলেন, ‘কর্মবিরতি প্রত্যাহারের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছিল। এ বিষয়ে আমরা আজ নিজেদের মধ্যে আলোচনা করেছি। আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে ৭ কর্মদিবস সময় দিতে চাই। এই সময়ের মধ্যে আমাদের প্রাণের দাবি, সন্ত্রাসীদের ন্যায়বিচার নিশ্চিত এবং আমাদের প্রাতিষ্ঠানিক সুবিধা ফিরিয়ে দিতে হবে। অন্যথায় আমরা আরও কঠিনতর কর্মসূচি দিতে বাধ্য হব। সেই কর্মসূচিতে বিশ্ববিদ্যালয়ে যদি কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনার সৃষ্টি হয়, তার দায়ভার প্রশাসনকেই নিতে হবে।’

তিনি বলেন, ‘প্রশাসনের অনুরোধে আমরা আজ দুপুর ১টা থেকে কর্মকর্তা-কর্মচারীদের শাটডাউন কর্মসূচি স্থগিত ঘোষণা করছি। দাবি আদায় না হলে ৭ দিন পরে আমরা আবার কর্মসূচিতে ফেরত যাব।’

অন্যদিকে, শিক্ষকদের কর্মবিরতি এখনো চলমান রয়েছে। যেকোনো সময় শিক্ষকরাও কর্মবিরতি স্থগিত করতে পারেন বলে জানা গেছে।

